

দক্ষিণবঙ্গের লৌকিক দেবদেবীর থানকেন্দ্রিক সাহিত্য-সংস্কৃতি: পরিবেশবাদী দৃষ্টিভঙ্গিতে বিচার-বিশ্লেষণ

গবেষক- উত্তম রায়, যাদবপুর বিশ্ববিদ্যালয়

দক্ষিণবঙ্গের লৌকিক দেবদেবীর থানকেন্দ্রিক সাহিত্য-সংস্কৃতি পরিবেশবাদী দৃষ্টিভঙ্গিতে বিচার-বিশ্লেষণ শিরোনামে এই গবেষণাপত্রের প্রথম অধ্যায়ে ভারতের পরিবেশ ভাবনার ধারা-বৈচিত্র আলোচনা করা হয়েছে। বৈদিক সাহিত্যে, রামায়ণ, মহাভারত থেকে লোকায়ত ভাবনায় পরিবেশ নিয়ে চিন্তাভাবনাকে আলোচনা করা হয়েছে। এছাড়া ভারতবর্ষে পরিবেশ রক্ষার জন্য কয়েকটি আন্দোলনের গতি প্রকৃতি এই অধ্যায়ে আলোচিত হয়েছে। এই অধ্যায়ের শেষে রবীন্দ্রনাথের পরিবেশ নিয়ে মৌলিক চিন্তাভাবনা আলোচনা করা হয়েছে।

দ্বিতীয় অধ্যায়ে লৌকিক দেবদেবীর থানের স্বরূপ বিস্তারিত আলোচনা করা হয়েছে। এই অধ্যায়ে দক্ষিণবঙ্গের লৌকিক দেবদেবীর থানের উদ্ভবের ইতিহাসকে বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে। দক্ষিণবঙ্গের লৌকিক দেবদেবীর থানের সঙ্গে বাংলার রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সম্পর্কের সূত্রকে ব্যাখ্যা করা হয়েছে। এছাড়া দেবদেবীর মূর্তি-ভাবনা, পূজা-পদ্ধতি, পোশাক-আশাক নিয়ে আলোচনা করা হয়েছে। অধ্যায়ের শেষে দক্ষিণবঙ্গের কয়েকটি লৌকিক দেবদেবীর থানের বিস্তারিত আলোচনা করা হয়েছে।

তৃতীয় অধ্যায় ক্ষেত্রসমীক্ষা ভিত্তিক আলোচনা করা হয়েছে। ক্ষেত্রসমীক্ষায় অঞ্চল ও অঞ্চল নির্বাচনের কারণ আলোচনা করা হয়েছে। এই অধ্যায়ে লোকসংস্কৃতি গবেষণায় ক্ষেত্রসমীক্ষার গুরুত্ব ও পদ্ধতি আলোচনা করা হয়েছে। এছাড়া কয়েকটি সমীক্ষার নমুনা উল্লেখ করে ক্ষেত্রসমীক্ষায় বর্তমান সমীক্ষকের অভিজ্ঞতার কথা আলোচনা করা হয়েছে।

গবেষণার চতুর্থ অধ্যায়ের লোককথার আলোচনা প্রসঙ্গে থানকেন্দ্রিক আখ্যানের আলোচনা করা হয়েছে। অধ্যায়ে পরিবেশবাদী সাহিত্যতত্ত্বের তাত্ত্বিক ব্যাখ্যা-বিশ্লেষণ করা হয়েছে। লৌকিক দেবদেবীর থান ও এই দেবদেবীকে কেন্দ্র করে সাহিত্য-সংস্কৃতিতে কীভাবে লোকায়ত মানুষের পরিবেশচিন্তা প্রকাশিত হয়েছে তার বিশ্লেষণ করা হয়েছে। যেমন দেবদেবীর পুকুর, বৃক্ষকেন্দ্রিক সাহিত্যে লোকায়ত সমাজের পরিবেশ ভাবনাকে পাঠ করা হয়েছে। লৌকিক দেবদেবীর থানকে পাকা বা বন্ধ করতে না দেওয়া নিয়ে যে সমস্ত

আখ্যান প্রচলিত আছে তার মধ্যদিয়ে লোকায়ত মানুষের পরিবেশ ভাবনার স্বরূপকে ব্যাখ্যা করা হয়েছে। থান ও সর্বপ্রাণবাদ নিয়ে আলোচনা করার সঙ্গে সঙ্গে থানকে কেন্দ্র করে পালিত আচার-সংস্কৃতিতে প্রতিফলিত পরিবেশ ভাবনাকে বিশ্লেষণ করা হয়েছে। থানের অবস্থানের কারণে এলাকার বাস্তুতন্ত্রের শৃঙ্খলা কীভাবে অটুট থাকে তা এই অধ্যায়ে আলোচিত হয়েছে। একইসঙ্গে লোকায়ত সমাজে বৃক্ষপূজা ও বৃক্ষের বিয়েকেন্দ্রিক আখ্যানে মানুষের পরিবেশ চিন্তাভাবনাকে আলোচনা করা হয়েছে। এছাড়া গবেষণার পরিশিষ্টে ক্ষেত্রসমীক্ষা থেকে প্রাপ্ত মৌখিক আখ্যানের লিখিত রূপকে রাখা হয়েছে।